

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

Website: www.nmst.gov.bd



নং: ৩৯.০৩.০০০০.০০৫.১১.০০৬.২১- ৮২৭

তারিখ: ০৯/০১/২০২২ খ্রি:

নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের রাজস্বখাতে আওতায় কতিপয় নবসৃষ্ট শূন্য পদে অস্থায়ীভাবে নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	গ্রেড	বয়স সীমা	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা
১	গ্যালারী এ্যাসিস্ট্যান্ট	৩	১৩	১৮-৩০	১১০০০-২৬৫৯০/-	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞানে অনূন্য দ্বিতীয় শ্রেণির স্নাতক বা সমমানের ডিগ্রী।
২	উচ্চমান সহকারী	১	১৪	১৮-৩০	১০২০০-২৪৬৮০/-	কোন বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রী: তবে শর্ত থাকে যে, কম্পিউটার পরিচালনায় পারদর্শী প্রার্থীগণকে অগ্রাধিকার দেওয়া হইবে।
৩	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	১	১৬	১৮-৩০	৯৩০০-২২৪৯০/-	কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং টাইপিং এ বাংলা ও ইংরেজীতে অনূন্য ২০ ও ২৮ শব্দ টাইপের গতিসহ কম্পিউটার পরিচালনায় পারদর্শী হইতে হইবে।
৪	অফিস সহায়ক	৪	২০	১৮-৩০	৮২৫০-২০০১০/-	অষ্টম শ্রেণি উত্তীর্ণ বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সুষ্ঠু স্বাস্থ্যের অধিকারী হইতে হইবে।

আবেদনের শর্তাবলী:

- ১। আবেদন গ্রহণের শেষ তারিখ: ২৫/০১/২০২২ খ্রিস্টাব্দ।
- ২। আবেদনপত্র ডাকযোগে মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর আগামী ২৫/০১/২০২২ খ্রি: তারিখ অফিস সময়ের মধ্যে পৌঁছাতে হবে। সরাসরি দাখিলকৃত কোন আবেদনপত্র এবং নির্ধারিত তারিখ উত্তীর্ণের পর ডাকযোগে বা অন্য কোনভাবে প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য হবে না।
- ৩। সরকার নির্ধারিত চাকুরীর আবেদন ফরমে আবেদন দাখিল করতে হবে। আবেদন ফরমের নমুনা এ অফিসের website: www.nmst.gov.bd থেকে বা জনপ্রশাসন মন্ত্রণালয়ের website: www.mopa.gov.bd থেকে ডাউনলোড করা যাবে বা অফিসের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।
- ৪। আবেদনপত্রের খামের উপরের ডান পাশে পদের নাম, বিশেষ কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে এবং আবেদনপত্রের সাথে প্রার্থীর যোগাযোগের ঠিকানা উল্লেখপূর্বক ১০.০০ টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকেট সংযুক্ত ৯.৫" x ৪" পরিমাপের একটি ফেরত খাম দিতে হবে।
- ৫। প্রার্থীর বয়সসীমা ০৯/০১/২০২২ খ্রি: তারিখে ১৮-৩০ বৎসর এবং মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধার সন্তান, প্রতিবন্ধী ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রার্থীদের বয়স ৩২ বৎসরের মধ্যে হতে হবে। বয়সের বেলায় এফিডেবিট গ্রহণযোগ্য নহে। মহিলা ও অন্যান্য কোটার ক্ষেত্রে প্রচলিত সরকারি নীতিমালা/বিধিবিধান প্রযোজ্য হবে।
- ৬। সরকারি/আধা-সরকারি সংস্থায় চাকুরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।
- ৭। আবেদনপত্রের সাথে বাংলাদেশের যে কোনো তফসিলি ব্যাংক থেকে মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা-এর অনুকূলে প্রার্থীদের ১০০/- (একশত) টাকার অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দিতে হবে। এ ছাড়া ৫ সে.মি x ৫ সে.মি. আকারের ৩(তিন) কপি ছবি ব্যতীত আর কোন কাগজপত্র জমা দিতে হবে না।
- ৮। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।
- ৯। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১০। কর্তৃপক্ষ যে কোনো বা সকল আবেদন বাতিল করতে পারেন। এ বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত।

(মোহাম্মাদ মুনির চৌধুরী)
মহাপরিচালক

বিতরণ:

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। একান্ত সচিব, মাননীয় মন্ত্রী, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির মাননীয় সভাপতি মহোদয়ের একান্ত সচিব, জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তি সংস্কার ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৬। সহকারী প্রোগ্রামার, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর (বিজ্ঞপ্তি সংস্কার ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৭। বিজ্ঞাপন ম্যানেজার, বাংলাদেশ প্রতিদিন, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা আবাসিক এলাকা, ঢাকা (৪ কলাম ৮ ইঞ্চি সাইজের বিজ্ঞাপনটি আগামী ২ দিনের মধ্যে ভিতরের পাতায় ১ (এক) দিন প্রকাশ করে বিল দাখিল করার জন্য অনুরোধ করা হলো)।
- ৮। বিজ্ঞাপন ম্যানেজার, NEW AGE, হলিডে ভবন, ৩০, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ (৪ কলাম ৮ ইঞ্চি সাইজের বিজ্ঞাপনটি আগামী ২ দিনের মধ্যে ভিতরের পাতায় ১ (এক) দিন প্রকাশ করে বিল দাখিল করার জন্য অনুরোধ করা হলো)।